

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৮৭-১ (হে নবী,) তোমার মহান প্রতিপালকের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা করো,
- ০৮৭-২ যিনি (সৃষ্টিকুলকে) তৈরী করেছেন, অতঃপর (তাকে) সুবিন্যস্ত করেছেন,
- ০৮৭-৩ তিনি (সবকিছুর) পরিমাণ নির্ধারণ করে দিয়েছেন, অতঃপর তিনি (সবাইকে তাদের) পথ বাতলে দিয়েছেন,
- ০৮৭-৪ তিনি (ভূচরের জন্যে) তৃণাদি বের করে এনেছেন,
- ০৮৭-৫ অতঃপর তিনিই (তাকে এক সময়) খড়কুটায় পরিণত করেছেন;
- ০৮৭-৬ আমি (যে ওহী পাঠাবো) তা আমিই তোমাকে পড়িয়ে (তোমার অন্তরে গেঁথে) দেবো, অতঃপর তুমি আর (তা) ভুলবে না,
- ০৮৭-৭ অবশ্য আল্লাহ তাআলা যদি চান (তা ভিন্ন কথা); তিনি প্রকাশ্য বিষয় জানেন, (জানেন) গোপন বিষয়ও;
- ০৮৭-৮ আমি তোমার জন্যে সহজ পদ্ধতিগুলোর সুযোগ করে দেবো,
- ০৮৭-৯ কাডেই তুমি (তাদের আল্লাহ তাআলার কথা) স্মরণ করাতে থাকো, যদি স্মরণ করানো তাদের জন্যে উপকারী হয়;
- ০৮৭-১০ যে ব্যক্তি (আল্লাহ তাআলাকে) ভয় করবে সে (অবশ্যই এর থেকে) উপদেশ গ্রহণ করবে,

০৮৭-১১ আর যে পাপী ব্যক্তি সে তা এড়িয়ে যাবে,

০৮৭-১২ অচিরেই যে ব্যক্তি বিশালাকাঙ্ক্ষা আশুনে গিয়ে পড়বে,

০৮৭-১৩ অতঃপর সেখানে সে মরবে না, (বাঁচার মতো করে) সে বাঁচবেও না;

০৮৭-১৪ যে ব্যক্তি (হেদায়াতের আলোকে নিজেদের জীবন) পরিশুদ্ধ করে নিয়েছে, সে অবশ্যই সফলকাম হয়েছে,

০৮৭-১৫ এবং যে নিজেদের মালিকের নাম স্মরণ করলো অতঃপর নামায় আদায় করলো;

০৮৭-১৬ কিন্তু তোমরা তো (হামেশাই) দুনিয়ার জীবনকে আখেরাতের ওপর প্রাধান্য দিয়ে থাকো,

০৮৭-১৭ অথচ আখেরাতের জীবনই হচ্ছে উৎকৃষ্ট ও স্থায়ী;

০৮৭-১৮ নিশ্চয়ই এ (কথা) আগের (নবীদের) কেতাবসমূহে (মজুদ) রয়েছে,

০৮৭-১৯ (উল্লেখ আছে তা) ইবরাহীম এবং মূসার কেতাবসমূহেও।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London

Published as Portable Document Format by : [Mohammad Noor-e-Alam Siddiquee](http://www.siddiquee.co.nr)
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr